



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ

Jalalabad Gas Transmission and Distribution System Limited

পেট্রোবাংলার একটি কোম্পানী (A Company of Petrobangla)

গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়ঃ “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বিষয়ে অংশীজনদের অবহিতকরণ ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক (অপারেশন)

তারিখ : ০৬ ফেব্রুয়ারি ২০২৩

সময় : সকাল ১১:০০ ঘটিকা

স্থান : আরডিডি সিলেট জোন এর দপ্তর, জেজিটিডিএসএল, কুমারগাও, সিলেট

উপস্থিত সদস্য : উপস্থিতি তালিকা সংযুক্ত।

কোম্পানীর আরডিডি সিলেট জোন এর দপ্তর, কুমারগাও, সিলেট এ গত ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক (অপারেশন) এর সভাপতিত্বে “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বিষয়ে জেজিটিডিএসএল-এর প্রতিনিধিবৃন্দ এবং অংশীজনদের সমন্বয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি উপস্থিত অংশীজন ও কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

## ২। আলোচনাঃ

- সিটিজেন চার্টার নিয়ে সভায় আলোচনা কালে প্রতিশ্রুতি অনুযায়ী সেবা দিতে ব্যর্থ হলে অভিযোগ দাখিলের বিভিন্ন পদ্ধতির বিষয়ে সভায় উপস্থিত অংশীজনদের অবহিত করা হয় এবং এবিষয় বিস্তারিত আলোচনা হয়।
- নিরবচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহ নিশ্চিত করতে স্ব-প্রণোদিতভাবে জালালাবাদ গ্যাসের প্রতিনিধি কর্তৃক নিয়মিত তদারকি করার বিষয়ে সভায় বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তা/প্রতিনিধিগণ সন্তুষ্টি প্রকাশ করেন।
- সুনামগঞ্জে পাইপলাইনের ডায়া কম থাকায় কিছু কিছু অঞ্চলের প্রেশার কম পাওয়া যায় বলে গ্রাহকগণ সভায় অভিত করেন। এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় কোম্পানির আঞ্চলিক বিতরক কার্যালয় সুনামগঞ্জ-এর ব্যবস্থাপককে বিষয়টি মাঠ পর্যায় গিয়ে পর্যবেক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।
- ডোমেস্টিক গ্রাহকগণ নিরবচ্ছিন্ন গ্যাস পাওয়ায় তারা সন্তুষ্টি প্রকাশ করেন।
- গ্যাস সংযোগ সংক্রান্ত যেকোনো অভিযোগ/সমস্যা জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ কর্তৃক গুরুত্বসহকারে নেন মর্মে সভায় অবহিত করেন এবং এতদ বিষয়ে গ্রাহকগণ সন্তুষ্টি প্রকাশ করেন।
- সিএনজি গ্রাহকগণ তাদের সিএনজি স্টেশনের লোড বৃদ্ধির জন্য অনুরোধ জানান। শাহজালালা সিএনজি, একে ফিলিং স্টেশন সহ অন্যান্য সিএনজি গ্রাহকগণ বলেন তারা ৬-৮ ঘণ্টা রেশনিং করার পরেও মাসের ২০ থেকে ২৫ দিনের মধ্যে তাদের বরাদ্দকৃত লোড শেষ হয়ে যায়। তাই লোড বৃদ্ধি করা প্রয়োজন বলে জানান।
- ইউরো-বাংলা সিরামিকের ব্যবস্থাপক তাদের লোড বৃদ্ধি প্রয়োজন বলে জানান। তিনি আরো বলেন গ্রাহকদের সাথে এমন স্বতঃস্ফূর্ত আয়োজনে তিনি অনেক আনন্দিত।
- অংশীজনদের এক প্রশ্নের জবাবে সিএনজি স্টেশন-এর ক্ষেত্রে অনুমোদিত লোড পূর্ণহলে মাসের অবশিষ্ট দিন সিএনজি স্টেশন বন্ধ থাকে মর্মে অবহিত করা হয়।
- বর্তমানে বৈশ্বিক পরিস্থিতির কারণে ও দেশের গ্যাস উৎপাদন কমে যাওয়ায় প্রয়োজনের তুলনায় বর্তমানে গ্যাসের সরবরাহ অনেক কম এবং সরকারের নির্দেশনা থাকায় লোড বৃদ্ধি করা সম্ভব হচ্ছে না মর্মে সভায় জানানো হয়।
- নির্ধারিত সময়ের মধ্যে গ্যাসবিল পরিশোধ করার জন্য সভায় সকল শ্রেনির গ্রাহকদের অনুরোধ জানানো হয়।
- গ্যাসের লাইনে লিকেজ দেখতে পেলে সেটা সাথে সাথে অফিসে জানানোর জন্য বলা হয়। সাথে কোথাও অবৈধ সংযোগ থাকলে দেশর সচেতন নাগরিক হিসেবে অফিসে অবহিত করার জন্য বলা হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- আলোচনা শেষে কোম্পানির “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” মোতাবেক সম্মানিত গ্রাহকদের সেবা প্রদানে কোম্পানির কর্মকর্তা/ কর্মচারী ও গ্রাহকগণের পারস্পরিক সহযোগিতার বিষয়ে সকলে একমত হন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(প্রকৌ. খন মোহাম্মদ জাকির হোসাইন)

মহাব্যবস্থাপক (অপারেশন)(চ.দা)

ও

আহ্বায়ক, “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ  
ও হালনাগান করণ সংক্রান্ত কমিটি

#### বিতরণঃ

১. উপ-মহাব্যবস্থাপক (আরডিডি সিলেট জোন/ সিলেট মেট্র), জেজিটিডিএসএল, কুমারগাও , সিলেট।
২. সকল আবিকা প্রধান (বিপণন ডিভিশন-উত্তর এর আওতাভুক্ত), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ ।
৩. দপ্তর নথি।

#### অনুলিপিঃ

১. মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর), জেজিটিডিএসএল, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
২. ব্যবস্থাপনা পরিচালক. জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।